গুইমারায় ৩০ পিস ইয়াবাসহ একজন আটক

গুইমারা প্রতিনিধি:

খাগড়াছড়ির গুইমারায় ৩০ পিস ইয়াবা ট্যাবলেটসহ এক মাদক বিক্রেতাকে আটক করেছে গুইমারা থানা পুলিশ।

শুক্রবার (১২জানুয়ারি) সকালে গুইমারা বাজার সংলগ্ন ব্রিজের উপর থেকে ৩০ পিস ইয়াবাসহ মংশেপ্রু মারমা নামে উপজাতীয় যুবককে আটক তরা হয়।

আটকৃত ব্যক্তি গুইমারা থানার প্রজাটিলাস্থ মং মারমার ছেলে মংশেপ্রু মারমা (৩৫)। ইয়াবা ট্যাবলেট নিয়ে অন্যত্র পাচারের উদ্দেশ্যে ব্রিজের উপর দিয়ে যাওয়ার জন্য চেষ্টা করলে গুইমারা থানার এএসআই শাহাজালাল গোপন সূত্রের মাধ্যমে তাকে ৩০ পিস ইয়াবাসহ আটক করে বলে পুলিশ সূত্রে জানাযায়।

এবিষয় নিয়ে গুইমারা থানার এএসআই শাহাজালালের নিকট জানতে চাইলে তিনি ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আটককৃতের বিষয়ে আইনগতভাবে ব্যবস্থা নেয়া হয়েছে। এ ঘটনায় তার বিরুদ্ধে ১৯৯০ এর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর টেবিল ৯ এর ধারায় গুইমারা থানায় মামলা দায়ের করা হয়েছে। মামলা নং- ৩।

এবিষয়ে গুইমারা থানার অফিসার ইনচার্জ সাহাদাত হোসেন টিটু বলেন,

আটককৃতের বিষয়ে আমরা দীর্ঘদিন ধরে নজর রাখছি। তাই গোপন সূত্রে জানার পর পুলিশ সদস্যরা হাতে নাতে তাকে আটক করে।